



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ১০ মার্চ ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

মানিকগঞ্জের পুলিশের হাতে ধর্ষণের শিকার তরুণীকে ৫০ লাখ টাকা ক্ষতিপূরণ কেন দেয়া হবে না তা জানতে চেয়ে মহামান্য হাইকোর্টের রুল জারি

আজ ১০ মার্চ ২০১৯ ইং তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি মো: আশরাফুল কামালের সম্মুখে গঠিত হাইকোর্ট বেঞ্চ জনস্বার্থে দায়েরকৃত রীট মামলা নং ১৮০৯/২০১৯ এর শুনানী শেষে ধর্ষণের শিকার তরুণীকে ৫০ লাখ টাকা ক্ষতিপূরণ কেন দেয়া হবে না, তা জানতে চেয়ে হাইকোর্ট রুল জারি করেছেন। একইসাথে ডাক বাংলাতে দুই পুলিশ কর্মকর্তা কর্তৃক তরুণী ধর্ষণের ঘটনায় সরকারের ব্যর্থতা কেন অবৈধ ঘোষণা করা হবে না এবং সরকারী ও সরকার নিয়ন্ত্রিত সকল স্থানে যৌন নিপীড়ন বন্ধে কেন নির্দেশনা প্রদান করা হবে না রুলে তাও জানতে চেয়েছেন আদালত।

পাশাপাশি নির্দেশনা প্রদানের চার সপ্তাহের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সচিব, পুলিশের মহাপরিদর্শক (আইজিপি), মানিকগঞ্জের পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপার এবং সাটুরিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট আটজনকে এই রুলের জবাব দিতে বলা হয়েছে। এছাড়া আগামী ১৮ এপ্রিল ২০১৯ এর মধ্যে মানিকগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার এবং সাটুরিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে ঘটনার প্রতিবেদন হালফনামা আকারে জমা প্রদানের নির্দেশ দেয়া হয়েছে।

গত ১৭ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখ চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন (সিসিবি ফাউন্ডেশন) এর চেয়ারম্যান এবং বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর পক্ষে আইনজীবী ব্যারিস্টার আবদুল হালিম রীট মামলা নং ১৮০৯/২০১৯ ((চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন এবং ব্লাস্ট ও অন্যান্য বনাম বাংলাদেশ ও অন্যান্য) দায়ের করেন এবং আবেদনকারীর পক্ষে মামলাটি পরিচালনা করেন। তাকে সহযোগিতা করেন অ্যাডভোকেট জামিউল হক ফয়সাল।

উল্লেখ্য যে, গত ৬ থেকে ৮ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখ মানিকগঞ্জের সাটুরিয়ায় ২২ বছরের এক নারীকে দুই পুলিশ কর্মকর্তা ডাকবাংলাতে আটকে রেখে দুই দিন ধর্ষণ করে। অস্ত্রের মুখে ইয়াবা সেবনেও তাকে বাধ্য করে বলে উক্ত নারী জানান। পরে তিনি ১০ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখ রোববার মানিকগঞ্জ পুলিশ সুপারের কাছে ওই দুই পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন।

বার্তা প্রেরক

আসমা উল হোসনা

কমিউনিকেশনস স্পেশালিস্ট, ব্লাস্ট

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

১. মাহবুবা আক্তার, উপ-পরিচালক (এডভোকেসী ও কমিউনিকেশনস), ব্লাস্ট, মোবাইল:-১৭৭৬০৬০১১৩,
ইমেইল : mahbuba@blast.org.bd

২. এডভোকেট ব্যারিস্টার আবদুল হালিম, মোবাইল: ০১৭১৩০০১৫৩১,
ইমেইল : halim_md@yahoo.co.uk